দৈনিক
ইনকিলাব

তারিখ JUL 17 2006
পৃষ্ঠা ১২ কলাম ৫

# সহকারী উপজেলা শিক্ষা অফিসার পদকে প্রথম শ্রেণীতে উন্নীতের সুপারিশ

সংসদ রিপোর্টার

সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের পদকে প্রথম শ্রেণীতে উন্নীত করার সুপারিশ করেছে সংস্থাপন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। একই সাথে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদটিকে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদার করার সুপারিশ করেছে কমিটি। কমিটির সুপারিশে বলা হয়েছে, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা শিক্ষা অফিসার উভয় পদের শিক্ষাগত যোগ্যতা সমান। উভয় ৮-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## সহকারী উপজেলা শিক্ষা

১২-এর পৃষ্ঠার পর

পদেই পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়োগ দেয়া হয়। এ কারণে সহকারী উপজেলা শিক্ষা অফিসারের পদটিকে প্রথম শ্রেণীতে উন্নীত করা হলে দক্ষ ও মেধাবী জনবল নিয়োগ পাবে। যা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সহায়ক হবে। অন্যদিকে সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসারদের পদোন্নতির কোটা মাত্র ২০ ভাগ। তারা দীর্ঘদিন একই পদে কাজ করে কর্মস্পৃহা হারিয়ে ফেলেছেন। তাদের পদমর্যাদা বৃদ্ধি করা হলে কর্মউদ্দীপনা বাড়বে। তাছাড়া এই পদটি প্রথম শ্রেণীতে উন্নীত করা হলে কোনো প্রশাসনিক জটিলতা সৃষ্টি হবে না। কেননা উপজেলা বা থানা শিক্ষা অফিসারগণই বর্তমানের মতো আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে থাকবেন। যেমনটি প্রশাসনিক ক্যাডারের সিনিয়র সহকারী সচিব, উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক একই স্কেলের কর্মকর্তা। এতে তাদের কাজের ক্ষেত্র বা পদোন্নতিতে কোনো সমস্যা সৃষ্টি হয়নি। এই পদটিকে প্রথম শ্রেণীতে উন্নীত করা হলে প্রতি বছর সরকারের আর্থিক সংশ্লেষ ৭৮ লাখ ১৯ হাজার ৩৯২ টাকা বাড়বে বলে জানা গেছে।

গতকাল (রবিবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংস্থাপন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় সভাপতিত্ব করেন সরদার সাখাওয়াত হোসেন বকুল। কমিটির সদস্য মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আলমগীর হোসেন, মোঃ নুরুল হুদা, কে এম আনোয়ারুল ইসলাম, মোহাম্মদ আলী জিন্নাহ, জহির উদ্দিন স্বপন ও প্রধানমন্ত্রীর পক্ষে অর্থ প্রতিমন্ত্রী শাহ মুহাম্মদ আবুল হাসাইন উপস্থিত ছিলেন। সভায় শ্রীলংকা, পাকিস্তান, ভারত, মালয়েশিয়া ও সিঙ্গাপুরের এসিআর ফরম-এর ভিত্তিতে একটি